# সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১৩২

৩/ আল-ইলম (ধর্মীয় জ্ঞান) (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৩/৫১. নিজে লজ্জা করলে অন্যকে দিয়ে প্রশ্ন করানো।

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، قَالَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دَاوُدَ، عَنِ الأَعْمَشِ، عَنْ مُنْذِرٍ الثَّوْرِيِّ، عَنْ مُحَمَّدِ ابْنِ الْحَنَفِيَّةِ، عَنْ عَلِيٍّ، قَالَ كُنْتُ رَجُلاً مَذَّاءً فَأَمَرْتُ الْمِقْدَادَ أَنْ يَسْأَلَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَسَأَلَهُ فَقَالَ " فِيهِ الْوُضُوءُ

বাংলা

১৩২. ‘আলী ইবনু আবূ তালিব (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, আমার অধিক পরিমাণে ‘মযী’ বের হত। তাই এ ব্যাপারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে জিজ্ঞেস করার জন্য মিকদাদকে বললাম। তিনি তাঁকে জিজ্ঞেস করলেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ‘এতে কেবল উযূ করতে হয়।’ (১৭৮,২৬৯; মুসলিম ৩/4, হাঃ ৩০৩, আহমাদ ৬০৬, ১০০৯, ১০৩৫) (আধুনিক প্রকাশনীঃ ১২৯, ইসলামিক ফাউন্ডেশনঃ ১৩৪)

## English

Narrated `Ali: I used to get the emotional urethral discharge frequently so I requested Al-Miqdad to ask the Prophet (sallallahu ‘alaihi wa sallam) about it. Al-Miqdad asked him and he replied, "One has to perform ablution (after it)."

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

নাম্বহ বলতে কী বুঝায়?

হাদীসের আরবী ভাষ্যে 'নাম্বহ' শব্দ ব্যবহার করা হয়েছে। শব্দটির দু'টি অর্থ রয়েছে: এক. ধুয়ে ফেলা, যা এখানে উদ্দেশ্য নেয়া হয়েছে। কারণ হাদীসের অপরাপর শব্দ তার ওপর প্রমাণ বহন করছে। অপর অর্থ হচ্ছে পানি ছিটিয়ে দেয়া। এ অর্থটিও বহুল প্রচলিত। যেমন দুধ ছাড়া আর কিছু খায় না এমন পুত্র সন্তানের পেশাবের

ব্যাপারে তা ব্যবহৃত হয়েছে।

হাদীসের শিক্ষা

১. ‘মযী' নাপাক। তা পানি দিয়ে ধুয়ে ফেলতে হবে।

২. এর দ্বারা আরো বুঝা যায় যে, মযী বের হলে ওযূ নষ্ট হবে; কারণ তা দু' পথের একটি দিয়ে বের হয়েছে।

৩. মযী'র কারণে পুরুষাঙ্গ ধুয়ে ফেলা ওয়াজিব।

৪. সর্বসম্মত সিদ্ধান্ত হচ্ছে মযীর কারণে গোসল করা ফরয হয় না।

৫. মযী দূর করতে হলে পাথর বা মাটি দিয়ে মুছে ফেললে চলবে না, বরং পানি দিয়ে ধুতে হবে।

৬. মানুষ যে বিষয়ে লজ্জা পায় সে বিষয় সম্পর্কে জানতে হলে অপর কাউকে তা বলে জানার ব্যবস্থা করা দোষণীয় নয়। তবে শর্ত হচ্ছে যাকে প্রতিনিধি বানানো হলে তিনি বিশ্বস্ত হবেন।

৭. লজ্জার কারণে নিজে প্রশ্ন না করা জায়েয।

৮. মানুষ তার লজ্জাজনক বিষয়টি বিশেষ কারণে অপরকে বলা বৈধ।

৯. আদব ও শিষ্টাচার হচ্ছে কোনো লোক স্ত্রীর আত্মীয়দের কাছে গোপনাঙ্গ ও সহবাস সংক্রান্ত বিষয় বলবে না।

১০. আলী রাদ্বিয়াল্লাহু আনহুর ফযীলত সাব্যস্ত হচ্ছে: কারণ লজ্জা তাকে অপরের মাধ্যমে জ্ঞান অর্জন করা থেকে বিরত রাখেনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22921

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন